১৯৯২ ৩১

তারিখ 25 APR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪

দৈনিক বাংলা

# প্রশ্ন ফাঁস ঃ আজ তদন্ত কমিটির রিপোর্ট পেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের "খ" ইউনিটের প্রশ্ন ফাঁসের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি আজ মঙ্গলবার তাদের রিপোর্ট পেশ করবেন।

সোমবার রাতে তদন্ত কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে গত দুদিনে পাওয়া বিভিন্ন তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা ও সে সব তথ্যের মূল্যায়ন করা হয়।

গত রাতে তদন্ত কমিটির নাম প্রকাশে অনিচ্ছুক একজন সদস্য বলেন, এ পর্যন্ত সুনির্দিষ্ট কোন তথ্য পাওয়া যায়নি। তবে একজন সাক্ষীর একটি তথ্যের ভিত্তিতে কমিটি প্রশ্ন ফাঁসের ব্যাপারে বেশ কিছু বিষয় অবহিত হয়েছেন। আজ মঙ্গলবার তদন্ত কমিটি তাদের সর্বশেষ বৈঠক শেষে একটি রিপোর্ট কর্তৃপক্ষের নিকট পেশ করবেন বলে ঐ সদস্য জানান।

এদিকে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এ সময় উপস্থিত ছিলেন। প্রফেসর এমাজ উদ্দিন আহমদ প্রশ্নপত্র ফাঁসের রহস্য উদঘাটনে ছাত্র সংগঠনগুলোর আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি তদন্ত কমিটির রিপোর্টের আগে কাউকে কোন মন্তব্য প্রদান না করতে অনুরোধ জানান। মত বিনিময় সভায় ছাত্রদল, ছাত্রলীগ (শা–পা) ছাত্রলীগ (বা-কা) ছাত্র ইউনিয়ন প্রমুখ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।